গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন শাখা-১
www.mof.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদে ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট উপস্থাপনার সাথে সংশ্লিষ্ট দায়িত্বাবলি সম্পাদনের জন্য ১৯/০৪/২০১৬খ্রিঃ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট জাতীয় সংসদে উপস্থাপনের সাথে সংশ্লিষ্ট সকল দায়িত্ব (বাজেট ডকুমেন্টস ও বাজেট বক্তৃতার কপি বিতরণ, বাজেটোত্তর সাংবাদিক সম্মেলন, কূটনীতিকসহ বিশিষ্ট ব্যক্তিবর্গের জন্য সংসদের এন্ট্রি পাস বিতরণ, জাতীয় সম্প্রচার মাধ্যমে বাজেট বক্তৃতা প্রচার ইত্যাদি) সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সমন্বিত কার্যক্রম গ্রহণের উদ্দেশ্যে ১৯/০৪/২০১৬খ্রি: তারিখ রোজ মঙ্গলবার দুপুর ২.০০ টায় অর্থ বিভাগের সভাকক্ষে অতিরিক্তি সচিব (প্রশাসন ও সামষ্টিক অর্থনীতি) জনাব মমতাজ-আলা-শাকুর আহমেদ-এর সভাপতিত্বে একটি আন্ত: মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে দেখানো হল।

২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, আগামী ০২/০৬/২০১৬ তারিখে জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট উপস্থাপন করবেন। মাননীয় অর্থমন্ত্রী যথাসময়ে এবং সুষ্ঠুভাবে যাতে বাজেট উপস্থাপন করতে পারেন সেদিকে লক্ষ্য রেখে বাজেট প্রণয়নসহ অন্যান্য সার্বিক কাজ নির্ধারিত তারিখের মধ্যে সম্পাদন করতে হবে। সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ নিষ্ঠা, আন্তরিকতা, সচেতনতা ও সতর্কতার সংগে সময়াবদ্ধ কর্ম/দায়িত্ব পালনের প্রতি তিনি গুরুত্বারোপ করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ড. মো: নজরুল ইসলাম, উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন। সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য দপ্তর/কার্যালয়ের উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর আলোচ্য বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তরের কর্মকর্তাগণের উপর নিম্নরূপ দায়িত্ব অর্পণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্যসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বে/ব্যবস্থাপনায়	কর্ম সম্পাদনের নির্ধারিত সময়
(১)	বাজেট ডকুমেন্টস 'সংগ্রহ ও সংরক্ষণ'	(ক) বাজেট ডকুমেন্টস এর কভার মুদ্রণের জন্য পূর্বেই বিজি প্রেসে প্রেরণ, ডকুমেন্টস-এর ছবি এবং টেক্সট সুতনী এমজে তে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত-সচিব (বাজেট-২)/ উপ-সচিব (প্রশাসন)/ উপ অর্থনৈতিক উপদেষ্টা (সমীক্ষা), অর্থ বিভাগ/ অতিরিক্ত সচিব (পলিসি), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	(ক) ১২/০৫/২০১৬ তারিখের মধ্যে
		(খ) বাজেট উপস্থাপনার ১দিন পূর্বে (১/৬/১৬ তারিখে) বি,জি প্রেস থেকে বাজেট ডকুমেন্টস সংগ্রহ ও সংসদে পৌছানোর ব্যবস্থা করতে হবে। তবে বিজি প্রেসকে বাজেট ডকুমেন্টস প্রিন্টিংসহ সরবরাহের যাবতীয় কর্ম ৩০মে, ১৬ তারিখের মধ্যে সুসম্পন্ন করতে হবে।		(খ) ৩০ মে, ২০১৬ তারিখের মধ্যে।
		(গ) বাজেট ডকুমেন্টস সংগ্রহের নিমিত্ত বিআরটিসিকে মাঝারী ট্রাক সরবরাহের জন্য পত্র প্রেরণসহ যাবতীয় লজিষ্টিক্সের সমন্বয় করতে হবে।	উপ-সচিব (প্রশাসন) ও সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), অর্থ বিভাগ	বাজেট উপস্থাপনের ০২ সপ্তাহ পূর্বে।
		(ঘ) মনিটরিং সেলসহ ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ডকুমেন্টস প্রস্তুত হওয়ার সংগে সংগে সংসদে পৌছানোর ব্যবস্থা করতে হবে।	জনাব মো: হাকিম উদ্দিন অতি:মহাপরিচালক (চ: দা:), মনিটরিং সেল ও জনাব মোঃ আরিফুর রহমান সহকারী প্রোগ্রামার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩০ মে, ২০১৬ তারিখের মধ্যে।
(২)	বাজেট ডকুমেন্টস এর নিরাপত্তা বিধান	বাজেট ডকুমেন্টগুলোর নিরাপত্তার জন্য পুলিশ প্রহরার ব্যবস্থা করতে হবে।	উপ-সচিব (প্রশাসন)/সহকারী সচিব (প্রশা-৬ শাখা), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের ০২ দিন পূর্বে
(৩)	বাজেট ডকুমেন্টস সংসদ ভবনে প্রেরণ।	(ক) বাজেট ডকুমেন্টস প্যাকেট করা এবং সংসদে নেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট-১), যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।	-ঐ-
		(খ) এ ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সহায়তা প্রদান করতে হবে।	যুগ্ম-সচিব (বাজেট-৩)/ উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ।	বাজেট পাশ হওয়ার পূর্ব পর্যন্ত চলমান থাকবে
		(গ) বাজেট ডকুমেন্টস সংসদ ভবনে প্রেরণের জন্য প্রয়োজনীয় পুলিশ প্রহরা ও পরিবহণের ব্যবস্থা করতে হবে।	উপ-সচিব (প্রশাসন) ও সহকারী সচিব (প্রশা-৬ শাখা), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের ০২ দিন পূর্বে

(অঃ পৃঃ দ্রঃ)

ক্রমিক নং	আলোচ্যসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বে/ব্যবস্থাপনায়	কর্ম সম্পাদনের নির্ধারিত সময়
(৪)	সংসদ ভবনে বাজেট ডকুমেন্টস সংরক্ষণ এবং এর গোপনীয়তা ও নিরাপত্তা বিধান।	(ক) ১/৬/১৬ তারিখে পুলিশ প্রহরায় বাজেট ডকুমেন্টস সংসদ ভবনে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট-২), উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ এবং অতিরিক্ত সচিব (এ,এস), জাতীয় সংসদ সচিবালয়।	বাজেট উপস্থাপনের ০১ দিন পূর্বে
		(খ) বাজেট ডকুমেন্টস সংসদে পৌছানোর জন্য বাজেট উপস্থাপনের আগের দিন (১/৬/১৬ তারিখ) সকাল ১০.০০টা থেকে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোবাসের ব্যবস্থা করতে হবে।	উপ-সচিব (প্রশাসন)/ সহকারী সচিব (প্রশা-৬ শাখা), অর্থ বিভাগ।	-ঐ-
		(গ) বাজেট ডকুমেন্টস সংসদে পৌছানোর সকল ব্যবস্থা গ্রহণ এবং সার্বিক তত্বাবধানে অর্থ বিভাগের একজন অতিরিক্ত সচিব দায়িত্বে থাকবেন।	অতিরিক্ত সচিব (বাজেট-২), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের ০২ দিন পূর্বে
		(ঘ) অতিরিক্ত সচিব (বাজেট-২) কে সহায়তা প্রদানের জন্য অর্থ বিভাগের একজন উপ-সচিব দায়িত্বে থাকবেন।	উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের ০২ সপ্তাহ পূর্ব থেকে বাজেট উপস্থাপনার শেষ পর্যন্ত
		(ঙ) সংসদ সচিবালয়ের নির্দিষ্ট কক্ষে (এনবিআর এর জন্য কক্ষ নং-সঃ ব্লঃ ৩১৩, অর্থ বিভাগের জন্য কক্ষ নং-দঃ পঃ ৩৩৪ এবং মিডিয়ার জন্য পিটিশন কমিটি কক্ষ) বাজেট বইগুলো রাখার ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট-২), উপ-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ এবং অতিরিক্ত সচিব (এ,এস), জাতীয় সংসদ সচিবালয়।	বাজেট উপস্থাপনের ০১ দিন পূর্বে
		(চ) বাজেট অনুবিভাগের দুইজন কর্মকর্তা (উপ সচিব/সিনিয়র সহকারী সচিব) সংসদ ভবনের বরাদ্দকৃত কক্ষে বইগুলোর রক্ষণাবেক্ষণ ও বন্টনের দায়িত্বে থাকবেন।	বেগম দিলারা বেগম, উপ-সচিব (বাজেট- ২), জনাব মো: হেলাল উদ্দিন, সি: সহকারী-সচিব (বাজেট-১১), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের আগের দিন ও বাজেট উপস্থাপনের দিন।
		(ছ) জাতীয় সংসদ সচিবালয়ে বাজেট ডকুমেন্টের নিরাপত্তা বিধানে একজন অতিরিক্ত সচিব দায়িত্বে থাকবেন।	অতিরিক্ত সচিব (এএস), জাতীয় সংসদ সচিবালয়।	বাজেট উপস্থাপনের ০১ দিন পূর্ব থেকে
		(জ) সংসদ সচিবালয়ের অতিরিক্ত সচিব (এএস) এর নিকট নির্দিষ্ট সময়ে ডকুমেন্টস হস্তান্তর করতে হবে।	অতিরিক্ত সচিব (বাজেট-২), উপ-সচিব (প্রশাসন), উপ অর্থনৈতিক উপদেষ্টা (সমীক্ষা), সিঃ সহকারী সচিব (বাজেট-৩), জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, জনাব হাকিম উদ্দিন, অতি: মহাপরিচালক (চ: দা:), মনিটরিং সেল ও অতিরিক্ত সচিব (এএস), জাতীয় সংসদ সচিবালয়।	বাজেট উপস্থাপনের ০১ দিন পূর্বে
		(ঝ) সংসদ সচিবালয়ের অতিরিক্ত সচিব (এএস) কে বাজেট অনুবিভাগের একজন কর্মকর্তা সহায়তা প্রদান করবেন।	জনাব মো: হেলাল উদ্দিন, সি: সহকারী সচিব (বাজেট-১১), অর্থ বিভাগ।	বাজেট উপস্থাপনের ০২ দিন পূর্ব থেকে বাজেট উপস্থাপনার শেষ পর্যন্ত
		(ঞ) বাজেট উপস্থাপন না হওয়া পর্যন্ত ডকুমেন্টের নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত সচিব (এএস), জাতীয় সংসদ সচিবালয়।	বাজেট উপস্থাপন শেষ না হওয়া পর্যন্ত

(অঃ পৃঃ দ্রঃ)